দৈনিক ইত্তেফাক

তারিখ ..06 DE....1998... ...
পৃষ্ঠা ৫ কলাম ৬......

## শিক্ষামন্ত্রী সমীপে

আমি ধর্মীয় শিক্ষক হিসাবে সরাসরি নিয়োগপ্রাপ্ত হইয়া ১৯৯১ সনে রাঙ্গামাটি সরকারী উচ্চ বিদ্যালয়ে যোগদান করি। প্রধানমন্ত্রীর কার্যালয়ের স্পেশাল অ্যাফেয়ার্স বিভাগের স্মারক নং-প্রমকা/স্পেশাল/এবি-৬১ (৯)/৯২ (প্র)/১৯০০ তারিখ ২১-১১-৯২ অনুসারে পার্বত্য জেলা সদরে তিন বৎসর চাকুরী করিবার পর সমতল এলাকায় বদলির নির্দেশ রহিয়াছে। কিন্তু দুঃখের বিষয় যে, আমি তিন বৎসরের পরিবর্তে সাত বৎসর অত্র স্থানে থাকিলেও আমাকে সমতল এলাকায় বদলি করা হইতেছে না। আমি ২৭-১০-৯৮ তারিখে চট্টগ্রাম মহানগরীতে বদলির জন্য মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরিদপ্তর, চট্টগ্রাম অঞ্চলের উপ-পরিচালক মহোদয়ের বরাবরে আবেদন করি, যাহা বিদ্যালয়ের প্রধান শিক্ষক তাঁহার অফিস স্মারক নং-৩১৯/৯৮-এর মাধ্যমে প্রেরণ করেন। কিন্তু কোন পদক্ষেপ গ্রহণ না করায় আমি মানসিকভাবে বিপর্যস্ত হইয়া পড়িয়াছি। এমতাবস্থায়, আমি যাহাতে চট্টগ্রাম মহানগরীতে বদলি হইতে পারি সেজন্য অতি সত্বর প্রয়োজনীয় ব্যবস্থা নিতে মাননীয় শিক্ষামন্ত্রীর হস্তক্ষেপ কামনা করিতেছি।

মোঃ রহিম উদ্দীন,
সহকারী শিক্ষক,
রাঙ্গামাটি সরকারী উচ্চ বিদ্যালয়,
রাঙ্গামাটি